

যুগান্তর

প্রিন্ট: ১৮ মে ২০২৬, ০৯:৪২ এএম

শিক্ষাঙ্গন

হামলার বিচার ও উপাচার্য অপসারণের দাবিতে পরিপ্রবর্তিত শিক্ষক-শিক্ষার্থীদের বিক্ষোভ

Advertisement



দুমকি (পটুয়াখালী) প্রতিনিধি

প্রকাশ: ১৭ মে ২০২৬, ১০:৫২ পিএম





একাডেমিক ভবনের সামনে থেকে বিক্ষোভ মিছিলটি ক্যাম্পাসের গুরুত্বপূর্ণ সড়কগুলো প্রদক্ষিণ করে প্রশাসনিক ভবনের সামনে গিয়ে শেষ হয়।

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পবিপ্রবি) শিক্ষকদের ওপর হামলার বিচার এবং উপাচার্যের অপসারণ দাবিতে বিক্ষোভ মিছিল করেছেন শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা। রোববার (১৭ মে) দুপুর ১২টায় একাডেমিক ভবনের সামনে থেকে একটি বিক্ষোভ মিছিল বের হয়ে ক্যাম্পাসের গুরুত্বপূর্ণ সড়কগুলো প্রদক্ষিণ করে প্রশাসনিক ভবনের সামনে গিয়ে শেষ হয়।

বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সাধারণ সম্পাদক সোহেল রানা জনি যুগান্তরকে বলেন, সাধারণ শিক্ষার্থীরা বর্তমান উপাচার্যকে কোনোভাবেই আর মেনে নেবে না। একই সঙ্গে শিক্ষকদের ওপর হামলার ঘটনায় বিচার নিশ্চিত করতে হবে।

পবিপ্রবির ডিন কাউন্সিলের কনভেনর অধ্যাপক ড. মোহাম্মদ আতিকুর রহমান যুগান্তরকে বলেন, উপাচার্য অপসারণ ও হামলাকারীদের বিচার নিশ্চিত না হওয়া পর্যন্ত আন্দোলন চলমান থাকবে।

এ বিষয়ে দুমকি থানার ওসি মোহাম্মদ সেলিম উদ্দিন জানান, আসামিদের গ্রেফতারে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে। এ ঘটনায় এখন পর্যন্ত দুজনকে গ্রেফতার করে আদালতে সোপর্দ করা হয়েছে।

উল্লেখ্য, গত ১১ মে উপাচার্যবিরোধী আন্দোলন চলাকালে পবিপ্রবির শিক্ষকদের ওপর হামলা চালায় দুমকি উপজেলা যুবদলের বহিষ্কৃত সদস্য সচিব সালাউদ্দিন রিপন শরীফের নেতৃত্বে বহিরাগতরা।

1 1 1 1 1 1

